

আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে  
জাতিসংঘ মহাসচিব বান কি মূনের বানী  
১২ আগস্ট ২০০৭

আন্তর্জাতিক যুব দিবস বিশ্বের ১২০ কোটি জনসংখ্যার যুবসম্প্রদায়কে স্বীকৃতিদানের, তাদের অর্জনগুলো উদযাপনের এবং সমাজের সব ক্ষেত্রে তাদের অংশগ্রহণকে উৎসাহিত করার এক বার্ষিক সুযোগ।

এ বছরের প্রতিপাদ্য হলো আমাদেরকে দেখুন, আমাদের কথা শুনুন: জাতীয় উন্নয়নে যুব সমাজের অংশগ্রহণ। সর্বত্র জাতীয় উন্নয়নে তরুণ তরুণীরা যে অবদান রাখছে তার ওপর ভিত্তি করেই এই প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে। তারা ২০১৫ সালের মধ্যে দারিদ্র্য ও ক্ষুধা অর্ধেকে নামিয়ে আনার লক্ষ্যসহ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন প্রচেষ্টার মূল্যবান এবং নিবেদিতপ্রাণ সহযোগী। এইচআইভি/এইডসের বিরুদ্ধে যুদ্ধের সম্মুখভাগে তাদের অবস্থান এবং দীর্ঘদিনের উন্নয়ন ভাবনায় তারা যুক্ত করে নতুন ও অভিনব মাত্রা।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মধ্য পথে পৌঁছে আজ আমাদের প্রয়োজন অন্য যে কোন সময়ের তুলনায় আরও বেশি হারে তাদের অংশগ্রহণ। হারানো অবস্থান ফিরে পেতে এবং পরিপূর্ণভাবে যথাসময়ে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে তাদের শক্তি ও আদর্শ আমাদের সাহায্য করতে পারে। বিনিময়ে যুবসম্প্রদায়ের প্রতি আমাদের দায়িত্ব পালন করতে হবে।

যুব সম্প্রদায়ের স্বার্থসংশ্লিষ্ট সকল নীতিমালায় তাদের অংশগ্রহণকে স্বীকৃতিদানের জন্য ‘যুবসম্প্রদায়ের পক্ষে বিশ্ব কর্মসূচি’ সকল সরকারকে আহ্বান জানাচ্ছে। সরকারগুলোকে এই অঙ্গীকারের প্রতি অবশ্যই সম্মান প্রদর্শন করতে হবে। যুব সম্প্রদায়ের জন্য বরাদ্দকৃত আর্থিক, শিক্ষা সংক্রান্ত এবং কারিগরি সহায়তার পরিমাণ তাদেরকে আরও বাড়াতে হবে এবং তাদের সম্ভাবনাকে বাস্তবায়িত করার জন্য তাদেরকে সাহায্য করতে হবে।

যুব সম্প্রদায়ের চাহিদাকে স্বীকৃতিদান করা শুরু হলেও পৃথিবীর বহু অংশে এখনও তারা প্রান্তিক ও অবহেলিত অবস্থায় রয়েছে। অধিক হারে দারিদ্র্য ও বেকারত্বের শিকার হওয়া জনগোষ্ঠী হিসেবে তাদের অবস্থানকে প্রায়শই অবহেলা করা হচ্ছে। তাই প্রাপ্ত বয়স্কদের তুলনায় অপেক্ষাকৃত তরুণদের চাকরি না পাওয়ার সম্ভাবনা তিন গুণ বেশি। প্রকৃতপক্ষে এক দিকে যখন তারা পৃথিবীর মোট কর্মশক্তির একচতুর্থাংশের যোগানদাতা তখন অন্যদিকে তারাই পৃথিবীর মোট বেকার জনগোষ্ঠীর অর্ধেক।

আমাদের যুবসম্প্রদায়কে সমস্যার অংশ হিসেবে বিবেচনা করা থেকে নিবৃত্ত হবার এবং তাদের প্রতিশ্রুতি ও সম্ভাবনাকে কাজে লাগানোর এটাই উপযুক্ত সময়। আসুন, আজ এই আন্তর্জাতিক যুব দিবসে আমরা আমাদের সবচাইতে মূল্যবান সম্পদের ক্ষেত্রে বিনিয়োগের ও তাদের সুরক্ষাদানের শপথ নেই এবং আমাদের সমাজ ও এর সফলতায় যুব পুরুষ ও যুব মহিলাদের ন্যায্য ও পরিপূর্ণ অধিকার নিশ্চিত করি।

\* \* \* \*